# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৭৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রচন্ড উত্তাপের সময় মুসল্লী ব্যক্তির জন্য বৈধ আছে হাতে কঙ্কর ঠান্ডা করে তার উপর সাজদা করা

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمُصَلِّي تَبْرِيدَ الْحَصَى بِيَدِهِ لِلسُّجُودِ عَلَيْهِ عِنْدَ شِدَّةِ الْحَرِّ

আরবী

2273 ـ أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ أَحْمَدَ بْنِ سِنَانٍ الْقَطَّانُ بِوَاسِطَ حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ الفلَّاس حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ الثَّقَفِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ سَعِيدِ بْنِ الْحَارِثِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: كُنَّا نُصَلِّي مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي شِدَّةِ الْحَرِّ فَيَعْمِدُ أَحَدُنَا إِلَى قَبْضَةٍ مِنَ الْحَصَى فَيَجْعَلُهَا فِي كَفِّهُ هَذِهِ ثُمَّ فِي كَفِّهِ هَذِهِ فإذا بردت سجد عليها.

الراوي : جَابِرِ بْن عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2273 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (428).

বাংলা

২২৭৩. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে প্রচন্ড উত্তাপের সময় সালাত আদায় করতাম। তখন আমরা এক মুষ্টি কঙ্কর নিয়ে এই হাতে রাখতাম তারপর আরেক মুষ্টি কঙ্কর নিয়ে এই হাতে রাখতাম, অতঃপর যখন তা ঠান্ডা হতো, তখন আমরা তার উপর সাজদা করতাম।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩২৭; আবূ দাঊদ: ৩৯৯; নাসাঈ: ২/২০৪; আবূ ইয়ালা: ১০৪; সুনান বাইহাকী: ১/৪৩৯; বাগাবী: ৩৫৯; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/১৮৪-১৮৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪২৮)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91598

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন